



পুলিশের পোশাকে ফের পরিবর্তন করে প্রজ্ঞাপন জারি



ছবি: সংগৃহীত

পুলিশের ইউনিফর্মে আবারও পরিবর্তন আনা হয়েছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, জেলা পুলিশ ও অধিকাংশ ইউনিটের সদস্যদের শার্ট হবে গাঢ় নীল রঙের, আর প্যান্ট হবে খাকি রঙের। মহানগর পুলিশের সদস্যদের জন্য নির্ধারণ করা হয়েছে হালকা জলপাই রঙের শার্ট।

বৃহস্পতিবার (১৮ জুন) পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

প্রজ্ঞাপনে নারী পুলিশ সদস্যদের পোশাকেও পরিবর্তনের কথা উল্লেখ করা হয়েছে। জেলা পুলিশসহ বেশিরভাগ ইউনিটের নারী সদস্যরা গাঢ় নীল শাড়ি ও ব্লাউজ পরবেন। আর মহানগর পুলিশের নারী সদস্যদের জন্য গাঢ় নীল শাড়ির সঙ্গে জলপাই রঙের ব্লাউজ নির্ধারণ করা হয়েছে।

এ ছাড়া হেড কভার ব্যবহারের ক্ষেত্রে সেটিও গাঢ় নীল রঙের হতে হবে বলে নির্দেশনায় উল্লেখ করা হয়েছে।

LENS ASIA